**Lang. Code : 04**

इस पुस्तिका में **20** पृष्ठ हैं ।

This booklet contains **20** pages.

# AAT-20-II

**प्रश्न-पत्र II / PAPER II**

**बंगला भाषा परिशिष्ट**

**Bangla Language Supplement**

**भाग IV & V / PART IV & V**

**परीक्षा पुस्तिका संकेत**
**Test Booklet Code**

**M**

**परीक्षा पुस्तिका संख्या**
**Test Booklet No.**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए ।**

**Do not open this Test Booklet until you are asked to do so.**

**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20)पर दिए निर्देशों को ध्यान से पढ़ें ।**

**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगला में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें । / For instructions in Bangla see Page 2 of this Booklet.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो या तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगला** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं** ।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से ।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं । भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं ।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें ।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **M**। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ**-2 एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है । अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ट प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा-I (बंगला) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा-II (बंगला) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं । इस परीक्षा पुस्तिका में केवल बंगला भाषा से संबंधित प्रश्न दिए गए हैं । **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगला के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए । जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए ।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो ।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें ।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें । अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें । उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है ।

## *INSTRUCTIONS FOR CANDIDATES*

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BANGLA** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page / marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **M**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language-I (Bangla) (Q. 91 to Q. 120)
   Part-V : Language-II (Bangla) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bangla language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bangla, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part -V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals) :

अनुक्रमांक : (अंकों में) ____________________
Roll Number : in figures

: (शब्दों में) ____________________
: in words

परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals) :

परीक्षार्थी के हस्ताक्षर : ____________________ निरीक्षक के हस्ताक्षर : ____________________
Candidate's Signature : Invigilator's Signature :

Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

M

Lang. Code : **04**

# AAT-20-II

পরীক্ষা পুস্তিকা কোড

**M**

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত

প্রশ্ন পত্র II

## বাংলা ভাষা পরিশিষ্ট

### ভাগ IV & V

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না ।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠ 19 & 20) মুদ্রিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন ।**

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **- এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ ।
2. পরীক্ষার্থীরা ভাগ I এবং ভাগ II **অথবা** III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন ।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে । পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিষিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন ।
4. এই পৃষ্ঠার বিবরণ গুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র কালো/নীল বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে ।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **M.** এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা এবশ্যই নিশ্চিত হয়ে নেবেন । কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (invigilator) - এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন ।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60**টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান । প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা-I (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)*
   ভাগ V : ভাষা-II (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)*
7. ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন । যদি ভাষা **I** এবং/অথবা ভাষা **II** এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে জন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন । আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে ।
8. পরীক্ষার্থীদের ভাগ **V** (ভাষা **II**) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা **I** (ভাগ **IV**) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা । অর্থাৎ ভাষা **I** (ভাগ **IV**) এবং ভাগ **V** (ভাষা **II**) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না ।
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) - এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই rough work করতে হবে ।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে । উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) ____________________

: (অক্ষরে) ____________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ____________________

Facsimile signature stamp of

Centre Superintendent ____________________

যে-সব পরীক্ষার্থী বাংলা কে **ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-**IV (91 থেকে 120 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-I** only.

## Part – IV / ভাগ – IV
## Language – I / ভাষা – I
## Bangla / বাংলা

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

**নির্দেশ : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

ফের ম্যালিঙ্গা বাঁশ বনে দেখা মিলল শার্দূল সম্রাটের। এবার বাঘমামার দেখা পেলেন বনকর্মী অজিত রায়। ৩ ফেব্রুয়ারি সন্ধে ৬টার পর ন্যাওড়াভ্যালি জাতীয় উদ্যানের চৌদাফেরি এলাকায় বাঘের ছবি ধরা পড়ে তাঁর ক্যামেরায়। পরদিন সকালেও ফের জায়গায় বাঘটিকে ঘোরাঘুরি করতে দেখা যায়।

রাজ্যের প্রধান মুখ্য বনপাল রবিকান্ত সিন্‌হা বলেন, 'বনকর্মীরা যে সজাগ রয়েছেন, আমাদের ক্যামেরা যে ঠিকমতো কাজ করছে তা আরও একবার প্রমাণিত হল।' ২০২০ সালের প্রথম দিনটিতেই চমকে দিয়েছিল ন্যাওড়াভ্যালি। জাতীয় উদ্যানের ৬ মাইল এলাকার কাছে ট্র্যাপ ক্যামেরায় বাঘের ছবি ধরা পড়ে। তবে ১৭ ও ১৮ ডিসেম্বর ট্র্যাপ ক্যামেরাতে যে বাঘের ছবি ধরা পড়েছিল, এটি সেই বাঘ নাও হতে পারে। ছবিটি খুঁটিয়ে বিশ্লেষণ করা হবে। এবারে দেখা বড় আকৃতির নাদুশনুদুশ বাঘটি অল্প সময়ের মধ্যে জঙ্গলে অদৃশ্য হয়ে যায়। অনুমান, প্রায় ১৫০ বর্গ কিমি এলাকার জাতীয় উদ্যানটির ভেতর এই মুহূর্তে ২-৩টি পূর্ণবয়স্ক রয়্যাল বেঙ্গল টাইগার রয়েছে। চোরাশিকারিদের কথা মাথায় রেখে বছরের শুরুতেই সিদ্ধান্ত নেওয়া হয়, এখানে বনচৌকির সংখ্যা বাড়ানো হবে। আরও ট্র্যাপ ক্যামেরা লাগানো হবে। ২০১৭ থেকে প্রতি বছরই ন্যাওড়াতে বাঘের ছবি ধরা পড়ছে।

স্টেট ওয়াইল্ড লাইফ বোর্ডের মেম্বার অনিমেষ বসু বলেন, 'খুবই তাৎপর্যপূর্ণ ঘটনা। গোটা বিশ্ব থেকে যখন বাঘের অবলুপ্তির খবর ভেসে আসছে, তখন প্রমাণ হচ্ছে, রয়্যাল বেঙ্গলের স্থায়ী আবাস হিসেবে ন্যাওড়াভ্যালির জঙ্গলে পরিবেশ সুস্থ স্বাভাবিক রয়েছে।' অনিমেষবাবুর কথায়, গোটা দেশের মধ্যে নামডাফা অরণ্যের পর ন্যাওড়াভ্যালি দ্বিতীয় অরণ্য যেখানে, ৭ প্রজাতির বিড়াল গোত্রের প্রাণির দেখা মেলে। এখানে মানুষের ছোঁয়া কম পড়েছে। দেশের অন্যতম 'ভার্জিন' ফরেষ্ট। উত্তরবঙ্গের প্রধান মুখ্য বনপাল উজ্জ্বল ঘোষ বলেন, 'আশা করছি দ্রুত আরও ফটো আসবে। আমরা গোটা বিষয়টির ওপর নজর রেখেছি। ' ম্যালিঙ্গা বাঁশের বন নিয়ে কিছুটা চিন্তিত বিশেষজ্ঞ মহল। হাজার হাজার বছর ধরে গজিয়ে ওঠা বাঁশের গভীর এই বন বাঘের অবাধ বিচরণের পক্ষে সুবিধাজনক নয়। গভীর বাঁশবনে শিকার লুকিয়ে পড়লে বাঘের কিছু করার থাকে না। বন দপ্তর প্রায় ২ বছরের জন্য নির্দিষ্ট পরিকল্পনা নিয়েছে। ম্যালিঙ্গা ম্যানেজমেন্টের দিকেও নজর রাখছে।

**91.** ন্যাওড়া ভ্যালির জঙ্গলে কয়টি প্রজাতির বিড়াল গোত্রের প্রাণী বাস করে ?

(1) চার

(2) পাঁচ

(3) ছয়

(4) সাত

**92.** মালিঙ্গা বন বাঘের পক্ষে শিকারের জন্য সুবিধাজনক নয় কেন ?

(1) গভীর বাঁশবনটি বাঘের অবাধ বিচরণের জন্য সুবিধাজনক নয়।

(2) এই বনটিতে শিকার পাওয়া যায় না।

(3) জঙ্গল গভীর হওয়ার অন্ধকারে বাঘ ভালো দেখতে পায় না।

(4) জঙ্গলটি জলে ডোবা তাই শিকার থাকলেও বাঘ ধরতে পারে না।

**93.** চৌদাফেরি এলাকায় বাঘের ছবি কার ক্যামেরায় ধরা পড়েছিল ?

(1) রবিকান্ত সিন্‌হার

(2) অনিমেষ বসুর

(3) অজিত রায়ের

(4) উজ্জ্বল ঘোষের

**94.** 'নাদুশ নুদুশ' শব্দটির বিপরীত অর্থ নীচের কোনটি ?

(1) রোগা পাতলা

(2) মোটা সোটা

(3) ছোট খাটো

(4) জুবু থুবু

**95.** 'গভীর বাঁশবনে' শিকার লুকিয়ে পড়লে বাঘের কিছু করার থাকে না।

বাক্যটিতে 'গভীর বাঁশবনে' কোন কারক ?

(1) অধিকরণ কারক

(2) করণ কারক

(3) অপাদান কারক

(4) নিমিত্ত কারক

**96.** 'গোটা বিশ্ব থেকে যখন বাঘের অবলুপ্তির খবর ভেসে আসছে, তখন প্রমাণ হচ্ছে, রয়্যাল বেঙ্গলের স্থায়ী আবাস হিসেবে ন্যাওড়া ভ্যালির জঙ্গলে পরিবেশ সুস্থ স্বাভিবিক রয়েছে'। - এটি কোন শ্রেণীর বাক্য ?

(1) সরল বাক্য

(2) জটিল বাক্য

(3) যৌগিক বাক্য

(4) মিশ্র বাক্য

97. নীচের চারটি বিকল্পের মধ্যে কোন বিকল্পের শব্দ দুটিই 'জঙ্গল' – এর সমার্থক শব্দ ?

(1) অরণ্য ; নীরজ

(2) বন ; গিরি

(3) বন ; অরণ্য

(4) জলজ ; নীরজ

98. প্রদত্ত গদ্যংশটিতে লেখক কাকে 'মামা' বলে সম্বোধন করেছেন ?

(1) বনপাল

(2) বনকর্মী

(3) বাঘ

(4) মালিঙ্গা ম্যানেজমেন্টকে

99. ২০১৭ সাল থেকে ন্যাওড়া ভ্যালির জঙ্গলে প্রায়শ:ই ক্যামেরায় বাঘের ছবি ধরা পড়ে - এটি কী প্রমাণ করে ?

(1) বাঘগুলি জঙ্গলের ভিতরে থাকতে পারছে না।

(2) ন্যাওড়া ভ্যালির পরিবেশ বাঘের জন্য সুস্থ স্বাভাবিক।

(3) পর্যটকেরা গভীর জঙ্গলে ক্যামেরা নিয়ে ঘুরে বেড়ায়।

(4) বনকর্মীরা একই বাঘের বারবার ছবি তোলে।

নির্দেশ :

নিম্নলিখিত পদ্যাংশটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 থেকে 105 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :

গ্রাম উঠে গিয়েছে শহরে –
শূন্য ঘর, শূন্য গোলা,
ধান বোনা জমি আছে পড়ে।
শুকানো তুলসীর মঞ্চে
নিষ্প্রদীপ অন্ধকার নামে,
আগাছায় ভরেছে উঠোন।

সূর্য পাটে বসেছে কখন।
রাখালের দেখা নেই -
কোথাও গরুর পাল ওড়ায় না ধুলো;
ঢেঁকিতে ওঠে না পাড়,
একটি কলসীও জল ওঠায় না ঘাটে।
বুনো ঘাসে পথ ঢাকে,
বিনা শাঁখে সন্ধ্যা হয়,
সূর্য বসে পাটে।
তাঁতি বোনে না কো তাঁত,
কলু আর ঘোরায় না ঘানি;
কুমোরের ঘরে চাবি,
ঝাঁপ বন্ধ, নিরুদ্দেশ হয়েছে দোকানি,
হাতুড়ি বিকিয়ে হাটে
ভস্ম মেখে পড়ে থাকে বেকার হাপর।
যে পথে কামার গেছে
কে জানে সে পথের খবর ?

**100.** আগে গ্রামে সন্ধেবেলায় কীসের ধ্বনি শোনা যেত ?

(1) শঙ্খের (2) কাঁসরের

(3) ঘন্টার (4) ঢোলকের

**101.** নীচের বিকল্পগুলিতে তিনটি করে জীবিকার নামের উল্লেখ রয়েছে। কোন বিকল্পটির তিনটি জীবিকারই উল্লেখ এই পদ্যাংশটিতে রয়েছে ?

(1) তাঁতি, কুমোর, গোয়ালা

(2) তাঁতি, কুমোর, কামার

(3) চাষি, কুমোর, কামার

(4) তাঁতি, মাঝি, কামার

**102.** পথ কীসে ঢেকে গেছে ?

(1) ঘাসে (2) মাটিতে

(3) কাদায় (4) জলে

**103.** 'নিষ্প্রদীপ' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে সঠিক উত্তরটি কী হবে ?

(1) নিষ + প্রদীপ

(2) নিষ্প্র + দীপ

(3) নিঃ + ষ্প্রদীপ

(4) নিঃ + প্রদীপ

**104.** "বুনো ঘাসে পথ ঢাকে
বিনা শাঁখে সন্ধ্যা হয়
সূর্য বসে পাটে।"

এই অংশটির নিম্নলিখিত কোন পদটি করণ কারক ?

(1) বুনোঘাসে (2) শাঁখে

(3) সূর্য (4) পাটে

**105.** কবিতায় মূল সুর কী?

(1) গ্রামের বর্ণনা

(2) শহরের বর্ণনা

(3) গ্রামীণ চিন্তাধারা শহরকে ধ্বংস করেছে।

(4) নগরসভ্যতার উজ্জ্বলতায় গ্রাম অন্ধকারাচ্ছন্ন হয়েছে।

নির্দেশ : নিম্নলিখিত প্রশ্নগুলির (**106** থেকে **120** নম্বর প্রশ্ন) সর্বাপেক্ষা সঠিক উত্তর নির্বাচন করুন।

**106.** প্রতিটি ভাষারই একটি নিজস্ব ব্যাকরণ আছে এবং সেটি –

(1) নিয়ম চালিত (Rule governed)

(2) রাজ্য চালিত (State governed)

(3) কেন্দ্র চালিত (Centre governed)

(4) লিপি চালিত (Script governed)

**107.** ত্রিভাষানীতি অনুসারে তৃতীয় ভাষাটি হল -

(1) পুরো দেশে এক

(2) কেবলমাত্র সংস্কৃত

(3) হিন্দী ভাষী এবং হিন্দী অতিরিক্ত অন্যভাষী (Non Hindi) রাজ্যের জন্য পৃথক পৃথক।

(4) যেকোনো বিদেশী শব্দ।

**108. একজন শিক্ষিকা "বেটি বাঁচাও, বেটি পড়াও" সম্পর্কিত একটি পোস্টার ক্লাসে এনে দেয়ালে লাগিয়ে দিলেন। তিনি ছাত্রদের এটিকে খুব মনোযোগ দিয়ে দেখতে বললেন এবং এ বিষয়ে একটি ছোট্ট অনুচ্ছেদ লিখতে বললেন। এখানে ভাষা শিক্ষক কর্তৃক ব্যবহৃত এই পোস্টারটি হল -**

(1) বিশ্বস্ত উপাদান (authentic material)

(2) সংহত উপাদান (integrated material)

(3) যথোপযুক্ত উপাদান (valid material)

(4) অব্যবহার্য উপাদান (waste material)

**109. 'স্বতঃস্ফূর্ততা' – এর অর্থ -**

(1) নির্ভুল লিখন

(2) ব্যাকরণগত নিয়মাবলীর স্পষ্ট ব্যাখ্যা ও ব্যবহার

(3) বাক্যের নির্ভুল উচ্চারণ

(4) নিজেকে প্রকাশ করার জন্য সানন্দে বলা, পড়া এবং লেখা

**110. পঠনের নিম্ন-উর্ধ্ব কর্মসাধন পদ্ধতি (approach) নীচের বিষয়গুলির উপর কীভাবে গুরূত্ব দেয় ?**

a. ধ্বনি (sound)

b. একস্বর বিশিষ্ট শব্দ (syllable)

c. বাক্য (sentence)

d. শব্দ (word)

e. অক্ষর (letter)

(1) a d e b c

(2) a b c d e

(3) a e b d c

(4) b c a e d

**111. ভাষা অর্জনে 'সামাজিক ভাববিনিময়' (Social interaction) - এর নিয়মগুলি নীচের কোন বিশ্বাসের উপর ভিত্তিশীল ?**

(1) ভাষা শিক্ষার্থীর যথোপযুক্ত বোধ্যজ্ঞানের (comprehensible input) বিকাশের প্রয়োজন অর্থাৎ বোধগম্যতার একটু দুরূহস্তরের ব্যবহার (Slightly higher level of difficulty)।

(2) পাঠক্রমের অন্তর্গত ভাষার (Language across the curriculum) উপর জোর দিয়েই ভাষা শেখা সম্ভব।

(3) ভাষা শিক্ষা তখনই সম্ভব হয় যখন তারা অনুকরণ (imitation) এবং যোগ্যতাবৃদ্ধির (reinforcement) সুযোগ পায়।

(4) ভাষা শিক্ষার্থীর অন্যান্যদের সাথে আলোচনা (discuss) এবং শব্দার্থের বিচারগত আলোচনার (Negotiate meaning) জন্য কিছু সুযোগ প্রয়োজন।

**112. অনুমান (prediction) একটি সহদক্ষতা হিসেবে কীসের সাথে যুক্ত ?**

(1) খসড়া নির্মাণ (drafting)

(2) সংক্ষেপীকরণ (summarising)

(3) মন্তব্যীকরণ (note making)

(4) পঠন (reading)

**113. ভালো চাকরির সুযোগ পাওয়ার জন্য যখন একটি ছাত্র একটি ভাষা শেখে, তখন তাদের ভাষা শেখার উৎসাহটি -**

(1) স্বকীয় (intrinsic)

(2) পরকীয় (extrinsic)

(3) কর্মকেন্দ্রিক (job centric)

(4) অহম্‌কেন্দ্রিক (ego centric)

114. একটি কার্যকরী ভাষা শিক্ষার ক্লাসের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল, শিক্ষার্থীকে সুযোগ দেওয়া -
(1) মূল্যায়নের (evaluate)
(2) অনুকরণের (imitate)
(3) ভাব বিনিময়ের (interact)
(4) ভুল কম করার (minimise mistakes)

115. একটি সর্বব্যাপী শ্রেণীকক্ষে **(inclusive classroom)** শিক্ষণের সময় একজন ভাষা শিক্ষকের কী করা উচিত ?
(1) মেধাবী ছাত্রদের দুর্বল ছাত্রদের প্রতি খেয়াল রাখতে বলা উচিত।
(2) বিভিন্ন শিখন কৌশল ব্যবহার করে শিখন প্রক্রিয়ায় তাদের সাহায্য করা।
(3) প্রিন্সিপালকে অনুরোধ জানানো যাতে একজন বিশিষ্ট শিক্ষাবিদ তাদের সাথে কথাবার্তা বলেন।
(4) এ বিষয়ে নিশ্চিত করা যাতে তারা বিদ্যালয়ের ছয়টি ঘন্টা শান্তভাবে থাকে।

116. ভাষা দক্ষতার জন্য নীচের কোন বিষয়টি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ?
(1) সঠিক উচ্চারণে পাঠ করা।
(2) পাঠ্যপুস্তকের একদম শেষে দেওয়া পাঠ্য বিষয়ভিত্তিক অনুশীলনগুলির সমাধান করা।
(3) যথাযথতা (accuracy) এবং সাবলীলতার (fluency) বিকাশ।
(4) সস্তা অথবা বিনামূল্যের শৈক্ষিক উপকরণের ব্যবহার।

117. একজন সফল ভাষা শিক্ষক কী করবেন ?
(1) শিক্ষকের কথাবলার সময় (talking time) বাড়িয়ে দেবেন।
(2) শিক্ষার্থীদের কথা বলার সময় বাড়িয়ে দেবেন।
(3) শিক্ষার্থীদের কথা বলার সময় কমিয়ে দেবেন।
(4) দলগত বা যৌথ কর্ম কমিয়ে দেবেন।

118. মুদ্রণ সমৃদ্ধ পরিবেশ নীচের কোন দুটি শিখনের জন্য অত্যাবশ্যক উপাদান ?
(1) বিদ্যালয়, শ্রেণীকক্ষ (School, Classroom)
(2) পঠন, স্বীয় (reading, self)
(3) স্বাক্ষরতা, ভাষা (Literacy, Language)
(4) স্বীয়, সঙ্গী (Self, Peer)

119. উৎস হিসেবে বহুভাষিকতা **(Multilingualism)** বলতে কী বোঝায় ?
(1) অধিক ভাষা শিখন
(2) শিশুর ভাষার প্রতিটি শব্দে সমান জোর দেওয়া।
(3) পাঠ্যক্রমের মাধ্যমে ভাষা শিক্ষণ
(4) একটি কৌশল (Strategy) হিসেবে শিক্ষার্থীর ভাষার ব্যবহার

120. অঙ্কিত তোমার ক্লাসের একটি দৃষ্টিশক্তিহীন শিক্ষার্থী। ভাষা শিক্ষক হিসেবে তুমি কী করবে ?
(1) বিভিন্ন ধরণের কর্মপ্রকল্প (Worksheet) অভ্যাসের উপর জোর দেবে।
(2) তোমার শিক্ষণপ্রণালীতে নানাধরণের দৃশ্য উপকরণ ব্যবহার করবে।
(3) নানা ধরণের অঙ্গভঙ্গি (gestures) এবং দৈহিক ভাষার (Body Language) ব্যবহার করবে।
(4) সুর দিয়ে এবং বিরামচিহ্ন সহকারে স্পষ্টভাবে বলবে এবং উপাদানগুলি স্পর্শ ও অনুভব করাবে।

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন**,** তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-II** only.

## Part – V / ভাগ – V
## Language – II / ভাষা – II
## Bangla / বাংলা

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

নির্দেশ :

**নিম্নলিখিত গদ্যাংশটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

দূর থেকে বদ্রীনাথের ক্ষুদ্র গ্রামখানি যখন প্রথম দৃষ্টিগোচর হ'লো তখন আনন্দ ও উল্লাস করবার শারীরিক এবং মানসিক সঙ্গতি নেই। কেমন করেই বা থাকবে ? আমরা ফুরিয়ে ফতুর হয়ে গেচি নিঃশেষিত তৈল-প্রদীপের মতো। দীর্ঘ পঁচিশ দিনের যে দুঃখময় ইতিহাসটা আমাদের পিছনে পড়ে রইলো, তাকে আমরা ভুলেই গেচি, আজ আমাদের যাত্রার শেষ, দুঃখ-দহনের নিবৃত্তি। আমাদের সেদিনের সামান্য তীর্থযাত্রা আজ বিরাটের পদতল স্পর্শ করেচে। মন বললে, তুমি এই ? এই তোমার রূপ ? – যার জন্য এলাম সে ত মন্দিরে নেই, সে যে তোমার আছে পথে-পথেই ! সামান্য মন্দিরে তুমি ত বন্দী নও।

গঙ্গার পুল পার হয়ে ঢুকলাম গ্রামে। গ্রামের নামও বদরিকাশ্রম; কেউ বলে বদ্রী বিশালা, কেউ বা নারায়ণাশ্রম। প্রথমেই বাঁ-হাতি ছোট ডাকঘর। তারপরেই পথের দু'ধারে ছোট ছোট দোকান। আকাশ মেঘলা, ঝুপ-ঝুপ করে বৃষ্টি পড়চে, বাতাসের বেগে ও অসহ্য ঠাণ্ডায় কোনোদিকে আর মুখ ফেরাবার উপায় নেই। তাড়াতাড়ি নির্দিষ্ট বাসায় এসে উঠলাম।

বাসাটির আভিজাত্য অল্প নয়, বেশ পাকা পাথরের দোতলা বাড়ি। দরজা, জানলা উপরে ওঠবার সিঁড়ি, সম্মুখে পাথরের খাদ্‌রি-করা প্রকাণ্ড চত্বর। এটি আমাদের পাণ্ডার বাসা-বাটি। যে পাণ্ডাকে আমরা আশ্রয় করেচি, তিনি এখানে বেশ প্রসিদ্ধ, নাম-ডাক আছে। তাঁরা পাঁচ ভাই। সূর্যপ্রসাদ, রামপ্রসাদ প্রভৃতি। পুত্রের নাম পিয়ারীলাল। দেবপ্রয়াগেও এঁদের প্রতিনিধি আমাদের তত্ত্বাবধান করেছিলেন। প্রথমেই এঁদের অতিথি-সৎকারে আমরা কৃতজ্ঞ বোধ করলাম। নীচের ঘরে কতকগুলি কম্বল এনে এঁরা আমাদের জন্য বিছিয়ে দিলেন, কাঠ এনে আগুন জ্বালালেন। এই আগুন আর কম্বল সেই দুর্যোগে আমাদের জীবন দান করলো। সূর্যপ্রসাদ এবং রামপ্রসাদের মতো এমন ভদ্র ও সদালাপী পাণ্ডা তীর্থস্থানে অতি বিরল। প্রায় প্রত্যেক বাঙালী এবং হিন্দুস্থানী যাত্রীই এঁদের বাসাবাটীতে এসে ওঠেন।

দুর্যোগ ও ঠাণ্ডায় অকর্মণ্য হয়ে সমস্ত দিন ঘরের ভিতরে অতি অস্বস্তিতে কাট্‌তে লাগলো। মাছি নেই, কিন্তু কাপড়চোপড় ও কম্বলে পোকার ভয়ানক উৎপাত। আহারাদি তথৈবচ। রান্নাবান্নার জায়গাও নেই, সুবিধাও নেই, শক্তিও নেই - অতএব অম্‌রা সিংয়ের মারফৎ পুরি আনাতে হ'লো। ধন্য পুরি ! পুরিই সর্বদেশে অগতির গতি।

121. নীচে প্রদত্ত কোন নামটিতে গ্রামটি কারোর কাছেই পরিচিত নয় ?

(1) বদরিকাশ্রম

(2) বদ্রি বিশালা

(3) বদরিকানাথ

(4) নারায়ণাশ্রম

122. কম্বল গায়ে দিয়ে লেখক ও তাঁর সঙ্গীদের কেন অসুবিধে হচ্ছিল ?

(1) কম্বল ভিজে ছিল

(2) কম্বল ছোট ছিল

(3) কম্বল নোংরা ছিল

(4) কম্বলে পোকা ছিল

123. বদ্রীনাথে এসে লেখক কী অনুভব করলেন ?

(1) দেবতা কেবলমাত্র মন্দিরেই থাকেন।

(2) দেবতা কেবলমাত্র বদ্রীনাথেই থাকেন।

(3) দেবতা কেবলমাত্র তীর্থস্থানেই থাকেন।

(4) দেবতা থাকেন সকল পথে পথেই।

124. পান্ডাদের পাঁচ ভাইয়ের মধ্যে কেবল দু'জনের নাম প্রদত্ত গদ্যাংশে উল্লেখ করা হয়েছে। সে দুটি নাম কী কী ?

(1) সূর্যপ্রসাদ, পিয়ারীলাল

(2) সূর্যপ্রসাদ, রামপ্রসাদ

(3) রামপ্রসাদ, অম্‌রা সিং

(4) অমরা সিং, পিয়ারীলাল

125. 'বেশ পাকা পাথরের দোতালা বাড়ি'
'বেশ' – কোন জাতীয় বিশেষণ ?

(1) বিশেষ্যের বিশেষণ

(2) সর্বনামীয় বিশেষণ

(3) বিশেষণের বিশেষণ

(4) ক্রিয়া বিশেষণ

126. 'তথৈবচ' – সন্ধিবিচ্ছেদ করলে সঠিক উত্তরটি হবে –

(1) তথা + ইবচ

(2) তথ + ঐবচ

(3) তথৈ + এবচ

(4) তথা + এবচ

127. "আমরা ফুরিয়ে ফতুর হয়ে গেছি নিঃশেষিত তৈল প্রদীপের মতো"। বাক্যটিতে কোন অলঙ্কারের প্রয়োগ করা হয়েছে ?

(1) অনুপ্রাস

(2) শ্লেষ

(3) উপমা

(4) যমক

128. বদ্রীনাথের যাত্রাপথে দূর থেকে সর্বপ্রথম লেখকের কী দৃষ্টিগোচর হল ?

(1) ছোট গ্রাম

(2) মন্দির

(3) আশ্রম

(4) দোকান

নির্দেশ :

**নিম্নলিখিত গদ্যাংশটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

মৌখালি গ্রাম আকারে বড়। পুব আর পশ্চিমে টানা লম্বা অনেকটা। পুবে বামনখালি সীমানা, পশ্চিমে মিঞাগঞ্জ অব্দি। উত্তর আর দক্ষিণে কয়েকটা ছোট ছোট গ্রাম এর সঙ্গে মিশে যাওয়ায় আকৃতি খানিকটা পটলের মত। পুব আর পশ্চিমে দু'ঠ্যাং ছড়িয়ে মৌখালি যেন দাপট নিয়ে দাঁড়িয়ে আছে সবার দণ্ডমুণ্ড হয়ে।...

মৌখালির দু' দণ্ডের মধ্যে আড়াআড়ি খুব পুরনো। প্রায় তিন পুরুষের। কারোর সঙ্গে কারো সদ্ভাব নেই। এমন কি বিবাদেরও শেষ নেই।

এর সূত্র আজ প্রায় অনেকেই ভুলে গেছে। ইতিহাসের পাতা বিবর্ণ। কিন্তু রেওয়াজটা রয়ে গেছে। সাধারণ মানুষের মধ্যেও নিয়মের মত চলে আসছে সেটা। অনেকটা উদয় আর অস্তের মত চির সত্য।

রেষারেষির ধরনটা অবশ্য একালে এসে অনেকটা ভোল পালটেছে। মামলা মোকদ্দমা রাহাজানি দুই পুরুষ অব্দি খুব জম্‌জমাট ভাবেই চলত। আর সম্ভবত তিন পুরুষে আসতে আসতেই দুই গোষ্ঠী খানিকটা নিঃস্ব হয়ে পড়েছিল। ক্ষয়িষ্ণু বুদ্ধিমান বংশধরেরা হয়ত নিজেদের ক্ষমতার জোরটা খুব ভাল ভাবেই বুঝে উঠতে পেরেছিলেন। তাই বিপদের ধরনও বদলে যায়। 'কার কত আর্থিক সংগতি' এটা প্রমাণ করতেই এখন দু' গোষ্ঠীর প্রাণান্ত। তবু এই 'সংগতির' দাপটের মধ্যেই দ্বন্দ্বটা এখন সীমাবদ্ধ। পুজোর সময়ই প্রমাণের ধূম লাগে বেশি। উভয় পক্ষেরই বিরাট করে পুজো হয়। পাঁচ মাস আগে থেকেই শুরু হয় কুমোর চর্চা ঠাকুর চর্চা। কার ঠাকুর কত বড় কুমোরের হাতে উঠবে, কার ঠাকুর মণ্ডপের চালা টপকাবে, বেশ জাঁক করেই প্রচার শুরু হতে থাকে।

পুব আর পশ্চিমে যত বিবাদই থাক হাট একটাই। হাটে দু' পক্ষের লোকই নিজেদের জাহির করতে গিয়ে প্রায়ই মারামারি করে বসে। যে পক্ষ যত বেশি মার খায় সে পক্ষের তত বেশি জিদ চাপে। ক্ষমতার দৌড় দেখাতে সাতদিনেও উৎসবের জোয়ার শেষ হয় না।

গত সনে পুব মৌখালির মেজ কর্তা রাখাল বাঁড়ুজ্যের মুখের আদলের সঙ্গে ওঁদের অসুরের সাদৃশ্য নিয়ে রীতিমত রক্তারক্তি হয়ে গিয়েছিল।

এবার হঠাৎ শোনা গেল পশ্চিম মৌখালির নকুল ভট্‌চায্‌ বাদামতলির সেরা ঢাকী মাধব নট্টকে বায়না করেছেন। কথাটা হাটের মুখে ছড়িয়ে গেলে পুব মৌখালির ভাসান চক্কোত্তি অত্যন্ত উত্তেজিতভাবে রাখাল বাঁড়ুজ্যেকে খবরটা পৌঁছে দিয়ে ঘন ঘন তামাক টানতে লাগল।

রাখাল বললেন, - বলছে ?

**129.** মৌখালির দুই গোষ্ঠীর লোকেদের মধ্যে দ্বন্দ্ব – সংঘাত প্রায় কতদিন ধরে চলছে ?

(1) দুই পুরুষ

(2) তিন পুরুষ

(3) পাঁচ পুরুষ

(4) সাত পুরুষ

**130.** মৌখালির দুই গোষ্ঠীর দ্বন্দ্বটা এখন কীসে এসে দাঁড়িয়েছে ?

(1) আর্থিক সংগতি

(2) শিক্ষাগত যোগ্যতা

(3) জাতিগত

(4) ধর্মগত

**131.** পশ্চিম মৌখালির অসুরের সাথে কার মুখের আদলের সাদৃশ্য ছিল ?

(1) ভাসান চক্কোত্তি

(2) মাধব নট্ট

(3) রাখাল বাড়ুয্যে

(4) নকুল ভট্চায

**132.** 'ক্ষয়িষ্ণু' শব্দটির বিপরীত শব্দ কোনটি ?

(1) অক্ষয়

(2) ক্ষয়

(3) বর্ধিষ্ণু

(4) সহিষ্ণু

**133.** "হাটে দুপক্ষের লোকই নিজেদের জাহির করতে গিয়ে প্রায়ই মারামারি করে বসে" – বাক্যটি জটিলবাক্যে রূপান্তরিত করলে সঠিক রূপ কোনটি হবে ?

(1) হাটে দুপক্ষের লোকই নিজেদের জাহির করে এবং প্রায়ই মারামারি করে বসে।

(2) হাটে দুপক্ষের লোকই নিজেদের জাহির করতে যায় বলে প্রায়ই মারামারি করে বসে।

(3) যদি ও হাটের দুপক্ষের লোকই নিজেদের জাহির করতে যায় তবুও প্রায়ই মারামারি করে বসে।

(4) যখন হাটের দুপক্ষের লোকই নিজেদের জাহির করতে যায় তখন প্রায়ই মারামারি করে বসে।

**134.** 'রক্তারক্তি' – পদটি কোন সমাসের উদাহরণ ?

(1) বহুব্রীহি

(2) অব্যয়ীভাব

(3) তৎপুরুষ

(4) দ্বিগু

**135.** নীচের কোন গ্রামটির আকৃতি মনেকটা পটলের মতো ?

(1) বামন খলি

(2) মিঞা গঞ্জ

(3) মৌখালি

(4) বাদামতলি

নির্দেশ :

নিম্নলিখিত প্রশ্নগুলির (**136** থেকে **150** নম্বর প্রশ্ন) সর্বাপেক্ষা সঠিক উত্তর নির্বাচন করুন।

**136.** একটি অধ্যায় সমাপ্ত করার পর শিক্ষিকা শিক্ষার্থীদের পাঠ্য বিষয়টি থেকে বিভিন্ন শ্রেণীর বিশেষ্য (সাধারণ বিশেষ্য, নামবাচক বিশেষ্য এবং বস্তুবাচক বিশেষ্য) খুঁজে নিতে বললেন এবং সেগুলিকে প্রদত্ত নির্দিষ্ট বাক্সে লিখতে বললেন। এটি কীসের উদাহরণ ?

(1) ব্যাকরণ নিয়মাবলী ঠুসে ঠুসে শেখানো (cramming)

(2) ব্যাকরণ শিক্ষণ (Grammar teaching)

(3) ব্যাকরণ অনুবাদ পদ্ধতি (Grammar translation)

(4) বিষয় ভিত্তিক ব্যাকরণ (Grammar in context)

**137.** নীচের কোনটি একটি অবচেতন প্রক্রিয়া **(Subconscious Process)** এবং শিশুরা এটি সংযোগ সাধনে ব্যবহার করতে শুরু করে ?

(1) ভাষা শিখন (language learning)

(2) ভাষা অর্জন (language acquisition)

(3) দ্বিতীয় ভাষা (second language)

(4) ভাষাতাত্ত্বিক পারদর্শীতা (linguistic competence)

**138.** একজন শিক্ষিকা হিসেবে তুমি কীভাবে শিক্ষার্থীকে পঠনে উৎসাহিত করবে ?

(1) তাদের কেবল পাঠ্যপুস্তক পড়তে বলে।

(2) অধ্যায়ের সারসংক্ষেপ মুখস্ত করতে বলে।

(3) বয়সোপযোগী শিশুসাহিত্য ব্যবহার করে যা তাদের মধ্যে উৎসাহের সৃষ্টি করবে।

(4) তাদের মাতৃভাষায় পাঠটি অনুবাদ করে এবং তারপর তাদের প্রশ্নগুলির উত্তর মুখস্ত করতে বলে।

**139.** শিক্ষার্থীদের ভাষা শিখন স্তর মূল্যায়নে নীচের কোনটি তোমাকে সাহায্য করতে পারে ?

(1) শিশুটিকে অঙ্গভঙ্গীর মাধ্যমে একটি মুখস্ত কবিতা আবৃত্তি করতে বলে।

(2) অধ্যায়টি তাদের মাতৃভাষায় অনুবাদ করতে বলে।

(3) তাদের স্বাধীনভাবে নিজের ধারণাগুলি অন্যের সাথে ভাগ করে নিতে এবং তাদের কল্পনার প্রকাশ করতে বলে।

(4) শিশুদের কবিতা থেকে কাব্যিক উপাদান (poetic devices) খুঁজে নিতে বলে।

**140.** একটি অনুচ্ছেদ শুনে তার বিষয় এবং পরিস্থিতি সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে শিক্ষার্থীরা তার অন্তর্নিহিত অর্থ এবং সেই বাক্যগুলি, বাক্যাংশগুলি **(phrases)** এবং শব্দগুলি খুঁজে নিতে পারবে যা বিশেষ একটি বার্তা গঠন করবে। বার্তাটি শুনে সেটি ব্যাখ্যা করার এই পদ্ধতিটি হল -

(1) নীচ-উচ্চ সহ দক্ষতা (Bottom-up subskill)

(2) উর্ধ্ব-নিম্ন সহ দক্ষতা (Top-down subskill)

(3) সার্বিক ভাষা দৃষ্টিকোণ (whole language approach)

(4) সমন্বিত দৃষ্টিকোণ (Integrated approach)

**141. শিক্ষার্থীদের ভাষাবিকাশের, প্রসারে তাদের প্রতিক্রিয়া (feedback) জানানোর জন্য নীচের কোনটি সর্বাধিক গুরুত্বপূর্ণ উপায় ?**

(1) একজন শিক্ষিকার তৎক্ষণাৎ শিক্ষার্থীর ভুলগুলি চিহ্নিত করা উচিত।

(2) শিক্ষিকা কেবলমাত্র সেই শিক্ষার্থীদের প্রতিক্রিয়া (feedback) জানাবেন যাদের ভাষা ব্যবহারে বিশেষ সমস্যা রয়েছে।

(3) শিক্ষিকা অবশ্যই তাদের ত্রুটিগুলির বিশ্লেষণ করবেন এবং সেই ভুলগুলি সংশোধনের জন্য একটি পন্থা গ্রহণ করবেন। মাতৃভাষার অনুপ্রবেশের ফলে সংঘটিত ভুলগুলি অগ্রাহ্য করবেন।

(4) ছাত্ররা ক্লাসের মধ্যে তাদের ত্রুটিগুলির উল্লেখ করাটা পছন্দ করবে না এই ভেবে শিক্ষিকা সেই ভুলগুলি অগ্রাহ্য করবেন।

**142. পাঠ্য পুস্তকের বাইরে গিয়ে - বলতে বোঝায় -**

(1) পাঠ্যপুস্তকের চাইতে সামান্য উচ্চস্তরের শিক্ষণ প্রদান।

(2) পাঠ্যপুস্তক ছাড়া অতিরিক্ত উপকরণ প্রদান।

(3) পাঠ্যপুস্তকের সম্পূর্ণ পাঠ আবশ্যিক নয়।

(4) পাঠ্যপুস্তকের বোধগম্যতার স্তর শিক্ষার্থীর বোধগম্যতার স্তরের অতিরিক্ত হবে।

**143. ভাষার একটি অধ্যায় শিক্ষণকালে একজন শিক্ষিকা বিজ্ঞান এবং সামাজিক বিজ্ঞানের পাঠও পড়াবেন এবং শিক্ষার্থীকে সেই অংশটি পড়তে বলবেন যেটি ভাষা অধ্যায়ের সাথে সম্পর্কিত। এই ধরণের আবেদন কে বলা যেতে পারে -**

(1) আন্তঃবিষয়ক (Inter Disciplinary)

(2) পাঠক্রম সম্পর্কিত ভাষা (Language across the curriculum)

(3) বহুবিধ ভাষা শিক্ষণ (Pluralistic language teaching)

(4) বিষয়ভাষা শিক্ষণ (Subject language teaching)

**144. বাচন দক্ষতার সর্বোত্তম বিকাশ তখনই হয় যখন শিক্ষার্থী সমর্থ হয় -**

(1) দুরূহ এবং জটিল পাঠ পড়তে।

(2) শিক্ষক নির্দেশিত আদর্শ উচ্চারণ মনোযোগ দিয়ে শুনতে।

(3) বাস্তব জীবনমুখী পরিস্থিতির সাথে সংযোগ সাধন করতে।

(4) বাচন প্রক্রিয়ার সমস্ত ত্রুটিগুলি অগ্রাহ্য করতে।

**145. ব্যাকরণ শিক্ষণ শিক্ষার্থীকে কীসের উন্নয়নে সাহায্য করে ?**

(1) স্বাক্ষরতা (Literacy)

(2) যথাযথতা (accuracy)

(3) সাবলীলতা (fluency)

(4) শব্দভাণ্ডার (vocabulary)

**146.** একজন ভাষা শিক্ষিকা শিক্ষার্থীদের তাদের পাশে বসা সঙ্গীটিকে একটি বৃষ্টির দিনের অভিজ্ঞতা বর্ণনা করতে বললেন।

এই অনুশীলনটির ফল কী হবে ?

(1) যখন তারা বর্ণনা দেবে তখন ক্লাসে গন্ডগোল হবে।

(2) তাদের ধারণার মৌখিক বিকাশের উন্নতি ঘটবে।

(3) ক্লাসে বিশৃঙ্খলার সৃষ্টি হবে।

(4) ক্লাসে পাঠ্যপুস্তক পড়ার একঘেয়েমি কেটে যাবে।

**147.** লিখনের কর্মকৌশলটি **(Process approach)** কীসের সাথে সম্পর্কিত ?

a. সম্পাদনা (Editing)

b. ভাবনা-চিন্তা (Brainstorming)

c. পুনরালোচনা (Revising)

d. খসড়া নির্মাণ (Drafting)

(1) a b c d

(2) b c a d

(3) a d c b

(4) b d c a

**148.** একজন ভাষা শিক্ষিকা ছাত্রদেরকে তাদের সবচাইতে ভালো পাঁচটি জিনিষ তাদের পোর্টফোলিওতে **(Portfolio)** রাখতে বললেন এবং অন্যান্যগুলি সরিয়ে দিতে বললেন। এরপর তিনি তাদের এই পাঁচটি নির্বাচিত জিনিষের বিশেষ বৈশিষ্ট্যগুলি প্রতিফলিত করতে বললেন। এই প্রতিফলনটি হবে -

(1) সহপাঠী মূল্যায়ন (peer assessment)

(2) স্বীয় মূল্যায়ন (self assessment)

(3) শিক্ষিকার মূল্যায়ন (teacher's assessment)

(4) সামগ্রিক মূল্যায়ন (summative assessment)

**149.** প্রাথমিক পর্যায়ে ভাষা শিক্ষনে নীচের কোন উৎসটি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ?

(1) শিশু সাহিত্য (Children Literature)

(2) সংবাদপত্র (News Paper)

(3) কম্পিউটার (Computer)

(4) বাস্তব উপাদান (realia)

**150.** শিক্ষার্থীদের মধ্যে মৌখিক ভাষা দক্ষতার বিকাশে নীচের কোন কর্মপদ্ধতিটি সবচেয়ে কম গুরুত্বপূর্ণ ?

(1) একটি বস্তুর বর্ণনা দেওয়া

(2) তাদের নিজের ভাষায় একটি গল্প বলা।

(3) শিক্ষক বলার পর গল্পটি পুণরায় বলা।

(4) একটি ঘটনার বর্ণনা দেওয়া।

**SPACE FOR ROUGH WORK**

**নিম্নলিখিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরণের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন ।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে । একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না ।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবেনা, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না । পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না ।
4. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন । কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না । (শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে ।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন ।
6. মেশিন কেবলমাত্র উত্তরপত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে । তাই কোন তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোন পার্থক্য থাকবে না ।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না ।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষাহলে আনা চলবে না । এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যে কোন ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে ।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন ।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না ।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না । যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে ।
12. ইলেক্ট্রনিক / হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য । কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে ।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না ।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন । পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন ।**

**निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :**

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें ।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **काले/नीले बॉल पॉइन्ट पेन** से भरें । एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है ।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ । परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें ।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी ।
5. परीक्षा पुस्तिका / उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाज़िरी-पत्र में लिखें ।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी । इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए ।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है ।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्वीच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए । इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और उनके विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित ।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें ।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं हाज़िरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे । यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाज़िरी-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा । **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान हाज़िरी-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ ।**
12. इलेक्ट्रॉनिक / हस्तचालित परिकलक का उपयोग वर्जित है ।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं । अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा ।
14. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें ।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल / कक्ष छोड़ने से पूर्व उत्तर पत्र कक्ष-निरीक्षक को अवश्य सौंप दें । परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं ।**

**READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY:**

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Black/Blue Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet / Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/ room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/ rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against them including cancellation of examination.
9. Each candidate must show on demand his / her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his / her seat.
11. The candidates should not leave the Examination Hall/ Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic / Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***